গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

www.taxeszone3ctg.gov.bd

নথি নংঃ প্রা(স)-৭(৪)/কঃঅঃ-৩(চট্ট)/২০১৬-২০১৭/ ৯৯১ (১-৭) তারিখঃ ৩১.০৭.২০১৬ইং

প্রেরকঃ কর কমিশনার,
কর অঞ্চল-৩,
চট্টগ্রাম।

প্রাপকঃ সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্হাপনা),
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা ।

দৃষ্টি আকর্ষণঃ এ.এইচ. এম. আবদুল করিম, দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১),জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা, ২০১৬ শীর্ষক সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ড এর বোর্ড প্রশাসন-২ (শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন) এর স্মারক নংঃ ০৮.০১.০০০০.০০২.১৫.০০৪.১৫(অংশ-৩)/২৫, তারিখঃ ১১.০৭.২০১৬ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ের দপ্তরে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্ম-পরিকল্পনা প্রণয়ন, মাঠ পর্যায়ের দপ্তরে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ, মাঠ পর্যায়ের দপ্তরে ফোকাল পয়েন্টের দ্বায়িত্ব-কর্তব্য নির্ধারণ ও কর্মবন্টনে অর্ন্তভূক্ত করণ, অভিযোগ ব্যবস্হাপনার জন্য ফোকাল পয়েন্ট নির্ধারণ ও জনসাধারণকে অবহিত করণ বিষয়ে নিম্নরুপ কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ক. **মাঠ পর্যায়ের দপ্তরে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্ম পরিকল্পনা প্রণয়নঃ**

নৈতিকতা কমিটি

১.	বেগম সফিনা জাহান অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-১,কর অঞ্চল-৩, চট্টগ্রাম।	আহ্বায়ক
২.	জনাব হেমল দেওয়ান যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-২,কর অঞ্চল-৩, চট্টগ্রাম।	সদস্য
৩.	জনাব বিপ্লব কান্তি দাস যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-৩,কর অঞ্চল-৩, চট্টগ্রাম।	সদস্য
৪.	জনাব ফরিদ আহমেদ যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-৪,কর অঞ্চল-৩, চট্টগ্রাম।	সদস্য
৫.	জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, উপ-কর কমিশনার (সদরঃ প্রশাসন) কর অঞ্চল-৩, চট্টগ্রাম।	সদস্য সচিব

উল্লেখ্য, কমিটির আহবায়ক প্রয়োজনবোধে এই কর অঞ্চলের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবেন।

কমিটির কর্ম পরিকল্পনাঃ

- সিটিজেন চার্টার অনুযায়ী করদাতার অধিকার বাস্তবায়নে সর্বাত্মক সেবা প্রদান।
- কর্মকর্তা ও কর্মচারীদের আচরণ করদাতা বান্ধব করা।
- কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিকতা ও মূল্যবোধ, দায়িত্ব এবং কর্তব্য, সততা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- অফিসে আগমন ও প্রস্হান যথাসময়ে হয় কিনা তা নিশ্চিত করা।
- করদাতাদের মতামত বা অভিযোগ গ্রহণ ও ব্যবস্হা গ্রহন।
- সরকারী চাকুরী বিধিমালা অনুযায়ী সকল কর্মকর্তা-কর্মচারীর আচরণ নিশ্চিত করা।

খ. **মাঠ পর্যায়ের দপ্তরে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগঃ**

এই কর অঞ্চলের পরিদর্শী যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২, জনাব হেমল দেওয়ান-কে মাঠ পর্যায়ের দপ্তরে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হল এবং তাহার মোবাইল, ফোন নম্বর এবং ই-মেইল নিম্নে সন্নিবেশ করা হল।

ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবী	মোবাইল/ফোন নম্বর	ই-মেইল
জনাব হেমল দেওয়ান পরিদর্শী যুগ্ম কর কমিশনার	মোবাইল নম্বরঃ ০১৯৬০২৭০৯৮৯ ফোন নম্বর ঃ ০৩১-৭২৩৯৩৩	hemalmikado@gmail.com

গ. **মাঠ পর্যায়ের দপ্তরে ফোকাল পয়েন্টের দায়িত্ব-কর্তব্য নির্ধারণ ও কর্ম বন্টনে অর্ন্তভূক্ত করণঃ**

- প্রতি তিন মাসে অন্ততঃ ১টি প্রশিক্ষণের আয়োজন, যেখানে শুদ্ধাচার চর্চা ও প্রতিষ্ঠার ব্যবস্হা গ্রহণ করা।
- করদাতা হতে প্রাপ্ত অভিযোগ গ্রহণ, রেজিষ্টারে লিপিবদ্ধকরণ ও উর্দ্ধতন কর্মকর্তাদেরকে অবহিত করা।
- জাতীয় রাজস্ব বোর্ড-এর নির্দেশনা মোতাবেক এ বিষয়ে প্রতিবেদন তৈরী করতঃ যথাসময়ে প্রেরণ করা।

ঘ. **অভিযোগ ব্যবস্হাপনার জন্য ফোকাল পয়েন্ট নির্ধারণ ও জনসাধারণকে অবহিতকরণঃ**

এই কর অঞ্চলের সহকারী প্রোগ্রামার জনাব মোহাম্মদ ইসহাক মিয়াকে মাঠ পর্যায়ের স্বচ্ছতা ও জবাবদিহীতার লক্ষ্যে অভিযোগ ব্যবস্হাপনার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হল এবং তাহার মোবাইল, ফোন নম্বর এবং ই-মেইল নিম্নের ছকে উল্লেখ করা হল।

ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবী	মোবাইল/ফোন নম্বর	ই-মেইল
জনাব মোহাম্মদ ইসহাক মিয়া সহকারী প্রোগ্রামার	মোবাইল নম্বর ঃ০১৭১৭১১৮১২৫ ফোন নম্বর ঃ০৩১-৭২৬১২৫	ishaquebd@gmail.com

উল্লেখ্য, অনলাইনে অভিযোগ ব্যবস্হাপনা পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে অভিযোগ ব্যবস্হাপনার জন্য নিয়োগকৃত ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবী, মোবাইল/ফোন নম্বর, ই-মেইল অত্র কর অঞ্চলের ওয়েব সাইট **www.taxeszone3ctg.gov.bd** তে প্রকাশ করা হয়েছে।

০১/০৭/২৩

(মোঃ নজরুল ইসলাম)
কর কমিশনার
কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
☎ ঃ ০৩১-৭২৫৮৯৭

নথি নংঃ প্রা(স)-৭(৪)/কঃঅঃ-৩(চট্ট)/২০১৬-২০১৭/ তারিখঃ ৩১.০৭.২০১৬ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১। সদস্য (ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড ও ও মনিটরিং অথরিটি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ

০২। পরিদর্শী অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

০৩। পরিদর্শী যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

০৪। উপ কর কমিশনার (সদর ঃ প্রশাসন), কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

০৫। সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।

০৬। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আব্দুল্লাহ)
উপ- কর কমিশনার (সদর ঃ প্রশাসন)
কর অঞ্চল-৩,চট্টগ্রাম।
☏ ঃ ০৩১-৭২৮৩২৬